অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/10/2021 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো MTA স্টেশনগুলিতে আটটি নতুন পপ-আপ টিকাকরণ সাইটের ঘোষণা করলেন

পেন স্টেশন, গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল, ইস্ট 180তম স্ট্রিট, 179তম স্ট্রিট, কোনি আইল্যান্ড, ব্রডওয়ে জংশন, হেম্পস্টেড এবং ওসিনিং লোকেশনগুলি 12 মে থেকে 16 মে পর্যন্ত খোলা

MTA সাইটগুলিতে টিকা প্রাপ্ত ব্যক্তিদের জন্য বিনামূল্যে সাত দিনের মেট্রোকার্ড বা বিনামূল্যে LIRR/মেট্রো-নর্থ রাউন্ড ট্রিপ টিকিট প্রদান করবে

সমস্ত সাইট প্রথমে আসুন, প্রথমে পাবেন ভিত্তিতে, ওয়াক-ইন টিকাকরণের জন্য খোলা রয়েছে; MTA কর্মচারীরা সাইটগুলিতে টিকা গ্রহণ করতে পারেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক শহর, লং আইল্যান্ড এবং মিড-হাডসন অঞ্চলের MTA স্টেশন স্টপগুলিতে আটটি নতুন পপ-আপ টিকাকরণ সাইটের ঘোষণা করলেন। এই সাইটগুলি প্রথমে আসুন, প্রথমে পাবেন ভিত্তিতে জনসন অ্যান্ড জনসন (Johnson & Johnson) টিকা ব্যবহার করে প্রতিদিন 300 টি পর্যন্ত ওয়াক-ইন পরিবেশন করবে। MTA এই সাইটগুলিতে টিকা নেওয়ার জন্য প্রণোদনা প্রদান করবে, যার মধ্যে রয়েছে বিনামূল্যে সাত-দিনের মেট্রোকার্ড বা বিনামূল্যে লং আইল্যান্ড রেল রোড বা মেট্রো-নর্থ রাউন্ড ট্রিপ টিকিট। MTA এই সাইটগুলিতে সোমোস কমিউনিটি কেয়ার (SOMOS Community Care), নর্থওয়েল হেলথ (Northwell Health) এবং ওয়েস্টচেস্টার মেডিকেল সেন্টার (Westchester Medical Center)-এর সাথে অংশীদারিত্ব করবে। MTA কর্মচারীরা এই সাইটগুলিতে টিকা গ্রহণ করতে পারেন।

"আমরা রাজ্য জুড়ে নিউ ইয়র্কবাসীদের টিকাকরণ করার ক্ষেত্রে বিশাল অগ্রগতি লাভ করেছি, কিন্তু টিকাকরণের হারের গতি ধীর হয়ে চলছে এবং আরও বেশি মানুষের টিকাকরণ করার জন্য আমাদের প্রচেষ্টা দ্বিগুণ করতে হবে এবং মানুষকে আশ্বস্ত করতে হবে যে টিকা গ্রহণ করা নিরাপদ," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কবাসীদের কাছে টিকা নেওয়ার জন্য তাদের সময়সূচি থেকে সময় বের করা কঠিন হতে পারে, তাই আমরা এটি সরাসরি তাদের কাছে MTA স্টেশনগুলির এই নতুন সাইটগুলিতে নিয়ে আসছি। যত বেশি নিউ ইয়র্কবাসীদের টিকাকরণ করা হবে, আমাদের রাজ্য সবার জন্য তত নিরাপদ হবে, এবং আমরা টিকা বিতরণ এবং এই ভয়ানক ভাইরাস থেকে আরও বেশি মানুষকে নিরাপদ স্থানে নিয়ে আসার জন্য সমস্ত উপায় অনুসরণ করা চালিয়ে যাব।"

এই সাইটগুলি বুধবার, 12 মে থেকে রবিবার, 16 মে পর্যন্ত খোলা থাকবে। টিকাকরণের পরিকল্পনা করা ব্যক্তিদের টিকাকরণ প্রক্রিয়াটিকে সামঞ্জস্য করার জন্য তাদের যাতায়াতে অতিরিক্ত সময় দেওয়ার জন্য উৎসাহিত করা হয়।

"বিনামূল্যে টিকাকরণের সহজ অ্যাক্সেস নিশ্চিত করাই হল নিউ ইয়র্ক পুনরায় খোলার এবং আরও ভালভাবে ফিরে আসার মূল চাবিকাঠি। MTA রাজ্যের পুনরুদ্ধারের নেতৃত্ব দিতে এবং অঞ্চলটিকে ট্র্যাকে ফিরিয়ে আনতে তার ভূমিকা পালন করতে পেরে গর্বিত," **বলেছেন MTA এর চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা প্যাট্রিক জে. ফয়।** "টিকা নেওয়ার মাধ্যমে, আপনি এই গুরুত্বপূর্ণ মুহূর্তে কেবল নিজেকেই নয়, বরং আপনার আশেপাশের নিউ ইয়র্কবাসীদেরও রক্ষা করছেন, কারণ এখন আরও বেশি COVID বিধিনিষেধ তুলে নেওয়া হয়েছে এবং গ্রাহকরা গণ পরিবহনে ফিরতে শুরু করেছেন।"

"পুরো পরিবহণ ব্যবস্থা জুড়ে উচ্চ ট্রাফিক সহ স্টেশনগুলিতে বিনামূল্যে টিকা সরবরাহ করা COVID-এর সাথে মোকাবেলা করার ক্ষেত্রে সঠিক দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ," **নিউ ইয়র্ক শহর পরিবহণ অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট সারাহ ফেইনবার্গ বলেন।** "একটি নিরাপদ পরিবেশের প্রচার করা আমাদের একমাত্র সর্বোচ্চ অগ্রাধিকার - যা COVID এবং অপরাধ এবং হয়রানি, উভয়ের থেকে নিরাপদ – এবং এখন আমরা নিউ ইয়র্কের পুনরুদ্ধারের সর্বশেষ পর্যায়ে পৌঁছানোর সময় এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ। আমরা সিস্টেমে আরও নিউ ইয়র্কবাসীদের এই গুরুত্বপূর্ণ কর্মসূচিটির সুবিধা নিতে দেখার অপেক্ষায় রয়েছি।"

MTA স্টেশনগুলি নীচে উপলব্ধ:

পেন স্টেশন - 34th স্ট্রিট করিডোর:
খোলা: দুপুর 3-টা - সন্ধ্যা 8-টা

গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - ভ্যান্ডারবিল্ট হল
খোলা: সকাল 8-টা - দুপুর 1-টা

ইস্ট 180তম স্ট্রিট (ব্রঙ্কস)
খোলা: সকাল 8-টা - দুপুর 1-টা

179তম স্ট্রিট (কুইন্স)
খোলা: সকাল 8-টা - দুপুর 1-টা

কোনি আইল্যান্ড (ব্রুকলিন)
খোলা: সকাল 8-টা - দুপুর 1-টা

ব্রডওয়ে জংশন (ব্রুকলিন)

খোলা: দুপুর 3-টা - সন্ধ্যা 4-টা

হেম্পস্টিড (LIRR)
খোলা: দুপুর 3-টা - সন্ধ্যা 4-টা

ওসিনিং (মেট্রো-নর্থ)
খোলা: দুপুর 3-টা - সন্ধ্যা 4-টা

MTA স্টেশনগুলি, চলমান ট্রেন গাড়ি, এবং বাসগুলিতে 12,000 এরও বেশি স্ক্রিনে ডিজিটাল বার্তা চলবে, সাইটের অবস্থানগুলি এবং কাজের ঘন্টার প্রচার করার জন্য। MTA সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলিতে 3 মিলিয়নেরও বেশি গ্রাহকের কাছে প্রচারমূলক বিষয়বস্তু এগিয়ে দেওয়া হবে। এছাড়াও 500 টিরও বেশি স্টেশনে অডিও ঘোষণাগুলি চলবে। সঠিক ট্র্যাফিক প্রবাহ নিশ্চিত করার জন্য স্টেশন পপ-আপ অবস্থানগুলিতে রাস্তা-খোজার সাইনেজ তৈরি এবং পোস্ট করা হবে। তথ্য MTA ওয়েবসাইটেও উপলব্ধ হবে।

এই ঘোষণাটি COVID-19 টিকাকে আরও সহজলভ্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের চলমান প্রচেষ্টাতে যোগদান করে। 27 এপ্রিল গভর্নর ঘোষণা করেন যে 29 এপ্রিল থেকে সমস্ত রাজ্যের গণ টিকাকরণ সাইট ওয়াক-ইন অ্যাপয়েন্টমেন্টের জন্য খোলা থাকবে, যা নিউ ইয়র্কবাসীদের টিকা দেওয়া সহজ করার প্রচেষ্টা অব্যাহত রাখার এক ব্যবস্থা। ওয়াক-ইন অ্যাপয়েন্টমেন্টগুলি বর্তমানে শুধুমাত্র প্রথম ডোজ বা জেনসেন/জনসন অ্যান্ড জনসন ভ্যাকসিনের একক শট ডোজের জন্য সংরক্ষিত, উপলভ্যতা এবং অবস্থানের উপর নির্ভরশীল। উপরন্তু, সমস্ত ভ্যাকসিন সরবরাহকারীদের যোগ্য নিউ ইয়র্কবাসীদের জন্য ওয়াক-ইন অ্যাপয়েন্টমেন্টের অনুমতি দিতে এবং টিকা গ্রহণের অন্যান্য প্রতিবন্ধকতা অপসারণের জন্য উৎসাহিত করা হয়।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান সুবিধাগুলির জন্য; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন রাজ্য সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করছে।

নিউ ইয়র্ক স্টেট রাজ্য জুড়ে স্বল্প পরিষেবাপ্রাপ্ত সম্প্রদায়গুলিতে সম্প্রদায় ভিত্তিক পপ-আপ টিকাকরণ সাইট খোলা অব্যাহত রেখেছে। 15 জানুয়ারি থেকে 200টির বেশি কমিউনিটি-ভিত্তিক পপ-আপ

সাইট 77,000 জনেরও বেশি নিউ ইয়র্কবাসীকে তাদের প্রথম COVID-19 টিকার ডোজ পেতে সক্ষম করেছে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন